

অগ্নি বলাকা

তোমার মাথার ওপর যখন রোদ এসে পড়ে
উন্মোচিত হয় পৃথিবী। দুর্বীর গতিতে
যাবতীয় গেরস্থালী, টুকিটাকি কিছু ভোগ্যপণ্য
কুট-কাচালি, ভালবাসার নামে প্রহসন
খড়কুটোর মতো ভেসে যায় নয়ানজুলি ধরে।
যখন তোমার মাথার ওপর রোদ এসে পড়ে
বুভুক্ষু সাঁওতাল রমণী জন্ম দেয় অশ্রুংকণা।
চরাচর প্রস্তুত হয় নতুন এক যুদ্ধের জন্য।

তোমার পায়ের নীচে যখন রোদ এসে পড়ে
অরণ্যানী নতজানু হয়ে প্রাণভিক্ষা করে।
মেঘ-ফাটিয়ে নেমে আসা বিদ্যুতের মতো
কিছু কাম, মোহ, লোভ... ইত্যাদি
চকিতে তার মনেও আকাঙ্ক্ষা জাগায়
রজঃশীলা হবে সে।
বহুরান্তে জন্ম দেবে
কিছু উন্মুখ অগ্নি বলাকার

পরমার্থ প্রতিম দাস

